

মুক্তিযোদ্ধা আইনজীবী পরিষদ

জগন্নাথ হলে হামলা ও
ভিসির অফিস ভাঙুরে নিন্দা

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

গত ২০ সেপ্টেম্বর শুক্রবার
বাংলাদেশ মুক্তিযোদ্ধা আইনজীবী
পরিষদের এক সভায় ঢাকা
বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের ছাত্র-
শিক্ষকদের উপর পুলিশি নির্যাতন এবং
ভিসির কার্যালয়ে ভাঙুরের ঘটনার
তীব্র নিন্দা করা হয়। সভায় ঢাকা
বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান
হতে সজাস নির্মূল করার জন্য সকল
রাজনৈতিক দলের প্রতি আহবান
জানানো হয়। মুক্তিযোদ্ধা আইনজীবী
পরিষদের আহবায়ক এডভোকেট
দেওয়ান জিয়াউদ্দীনের সভাপতিত্বে
অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য
রাখেন এডভোকেট হুমায়ুন কবির,
মোজাম্মেল হক, আবদুল হালিম,
সিরাজুল ইসলাম, শেখ আবদুল
খালেক, হেলালউদ্দীন, আবুল কাশেম,
মোখলেসুর রহমান ও ওয়াহিদুজ্জামান।

10.2